# B.A. 5th Semester (General) Examination, 2022 (CBCS)

12572

## বিষয় : বাংলা

## Course: DSE-1A

## (উনিশ শতকের বাংলা উপন্যাস)

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৬০

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।*

*যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।*

১। নিম্নলিখিত *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) 'শক্তিকানন' উপন্যাসের লেখক কে? এই লেখকের লেখা আরও একটি উপন্যাসের নাম লেখো।

(খ) 'জাল প্রতাপচাঁদ' কার লেখা? উপন্যাসটির প্রকাশকাল লেখো।

(গ) 'উদ্‌ভ্রান্ত প্রেম' উপন্যাসটি কে রচনা করেন? উপন্যাসটির প্রকাশকাল লেখো।

(ঘ) 'মডেল ভগিনী' উপন্যাসটি কার লেখা? এই ঔপন্যাসিকের লেখা অন্য একটি উপন্যাসের নাম লেখো।

(ঙ) বঙ্কিমচন্দ্রের 'বন্দে মাতরম্' সংগীত কোন উপন্যাসে ব্যবহৃত হয়েছে? এই উপন্যাসটির গ্রন্থাকারে প্রকাশের কাল উল্লেখ করো।

(চ) বঙ্কিমচন্দ্র রচিত প্রথম বাংলা উপন্যাসটির নাম কী? উপন্যাসটি কত সালে প্রকাশিত হয়?

(ছ) 'মাধবীকঙ্কণ' উপন্যাসটির রচয়িতার নাম লেখো। এই লেখকের লেখা একটি সামাজিক উপন্যাসের নাম লেখো।

(জ) 'কাহাকে?' উপন্যাসের রচয়িতা কে? এই লেখকের অন্য একটি উপন্যাসের নাম লেখো।

(ঝ) 'অযোধ্যার বেগম' উপন্যাসের রচয়িতার নাম লেখো। এই লেখকের লেখা অন্য একটি উপন্যাসের নাম লেখো।

(ঞ) ত্রিপুরার ইতিহাসের কাহিনি অবলম্বনে রবীন্দ্রনাথ কোন উপন্যাস লিখেছেন? উপন্যাসটি কখন প্রকাশিত হয়?

(ট) 'মৃন্ময়ী' উপন্যাসটির রচয়িতা কে? এই উপন্যাসটি কোন উপন্যাসের উপসংহার হিসেবে রচিত?

(ঠ) 'নবাব-নন্দিনী' কার লেখা উপন্যাস? এটি কোন উপন্যাসের অনুসরণে লেখা?

(ড) ছিয়াত্তরের মন্বন্তর ও সন্ন্যাসী বিদ্রোহের কথা বঙ্কিমচন্দ্রের কোন উপন্যাসে আছে? বঙ্কিমচন্দ্রের লেখা 'ইন্দিরা' উপন্যাসটির প্রকাশকাল লেখো।

(ঢ) উনিশ শতকের বাংলা উপন্যাসের প্রাথমিক প্রয়াস কোনগুলি? এইরকম দুটি রচনার উল্লেখ করো।

(ণ) 'ফুলমণি ও করুণার বিবরণ' কার লেখা? এর প্রকাশকাল লেখো।

২। নিম্নলিখিত *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'স্বর্ণলতা' উপন্যাসের লেখক কে? ঔপন্যাসিক তারকনাথ গঙ্গোপাধ্যায়ের উপন্যাসগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

(খ) কোন ভ্রমণ গ্রন্থের জন্য সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায় বাংলা সাহিত্যে বিখ্যাত হয়ে আছেন? সঞ্জীবচন্দ্রের উপন্যাস-প্রতিভার পরিচয় দাও।

(গ) শিবনাথ শাস্ত্রীর দুটি উপন্যাসের নাম লেখো। তাঁর যে-কোনো একটি উপন্যাসের সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঘ) 'বিষাদ-সিন্ধু'র রচয়িতা কে? গ্রন্থটির বিষয়বস্তু সংক্ষেপে লেখো।

(ঙ) যোগেন্দ্রচন্দ্র বসুর প্রথম ও শেষ উপন্যাসের নাম লেখো। যোগেন্দ্রচন্দ্র রচিত যে-কোনো একটি উপন্যাসের শিল্পসার্থকতা বিচার করো।

(চ) 'কঙ্কাবতী' কার রচনা? প্রকাশকাল উল্লেখ করো। উপন্যাসটির সংক্ষিপ্ত পরিচয় দাও।

৩। নিম্নলিখিত *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত প্রথম উপন্যাসের নাম কী? এটি প্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয়? উনিশ শতকের শেষপর্বে রচিত রবীন্দ্র-উপন্যাসগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

(খ) বঙ্কিমচন্দ্র তাঁর কোন উপন্যাসকে একমাত্র ঐতিহাসিক উপন্যাস বলে স্বীকার করেছেন? বঙ্কিমচন্দ্র রচিত ইতিহাস-আশ্রিত উপন্যাসগুলির ইতিহাস ও রোমান্স-এর পরিচয় দাও।

(গ) রমেশচন্দ্র দত্তের দুটি ঐতিহাসিক উপন্যাসের নাম লেখো। সামাজিক ঔপন্যাসিক হিসেবে রমেশচন্দ্রের কৃতিত্ব আলোচনা করো।

(ঘ) কে, কোন রচনায় বাংলা সাহিত্যে ঐতিহাসিক উপন্যাসের সূত্রপাত করেন? উনিশ শতকের বাংলা উপন্যাস রচনায় চণ্ডীচরণ সেনের কৃতিত্ব আলোচনা করো।

———————

# B.A. 5th Semester (General) Examination, 2022 (CBCS)

## বিষয় : বাংলা

## Course: DSE-1A (OR)

## (উনিশ শতকের বাংলা গল্প)

**সময় : ৩ ঘণ্টা** **পূর্ণমান : ৬০**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। নিম্নলিখিত *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও : **২×১০=২০**

(ক) 'বিধিলিপি' ও 'লুল্লু' গল্পদুটির রচয়িতার নাম লেখো।

(খ) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত প্রথম ছোটোগল্প কোনটি? গল্পটি কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

(গ) 'হিতবাদী' পত্রিকায় প্রকাশিত রবীন্দ্রনাথের দুটি গল্পের নাম লেখো।

(ঘ) 'ভূত ও মানুষ', 'মুক্তমালা' গল্পগ্রন্থের রচয়িতার নাম লেখো।

(ঙ) প্রভাতকুমার মুখোপাধ্যায় কোন গল্প লিখে কুন্তলীন পুরস্কার পান? এই গল্পে তিনি কোন ছদ্মনাম ব্যবহার করেন?

(চ) 'নবকথা' গল্পগ্রন্থের রচয়িতা কে? তাঁর রচিত অপর একটি গল্পগ্রন্থের নাম লেখো।

(ছ) 'ফোকলা দিগম্বর'-এর লেখক কে? তাঁর অপর একটি গল্পগ্রন্থের নাম লেখো।

(জ) স্বর্ণকুমারী দেবীর জন্ম ও মৃত্যু সাল লেখো।

(ঝ) স্বর্ণকুমারী দেবী রচিত দুটি গল্পগ্রন্থের নাম লেখো।

(ঞ) 'ছোটগল্প' নামে গল্পগ্রন্থের রচয়িতা কে? গ্রন্থটির প্রকাশকাল লেখো।

(ট) 'বিচিত্র গল্প'-বইটির লেখক কে? বইটি কত সালে প্রকাশিত হয়?

(ঠ) রতন ও নিরুপমা চরিত্র দুটি রবীন্দ্রনাথের কোন কোন গল্পে আছে?

(ড) 'খোকাবাবুর প্রত্যাবর্তন' ও 'একরাত্রি' গল্প দুটির রচয়িতার নাম কী?

(ঢ) 'দালিয়া' ও 'ত্যাগ' কার লেখা গল্প? গল্প দুটি কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?

(ণ) 'দামিনী' গল্পগ্রন্থের রচয়িতা কে? তাঁর রচিত বিখ্যাত একটি গ্রন্থের নাম লেখো।

২। নিম্নলিখিত *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : **৫×৪=২০**

(ক) উনিশ শতকে প্রকাশিত বাংলা গল্পের লক্ষণগুলি আলোচনা করো।

(খ) ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়ের জন্ম ও মৃত্যু সাল লেখো। ত্রৈলোক্যনাথ রচিত গল্পের বিশেষ দিকগুলি আলোচনা করো।

(গ) প্রভাতকুমারের গল্প হাস্যরসের অফুরন্ত উৎস— আলোচনা করো। প্রভাতকুমার রচিত একটি গল্পগ্রন্থের নাম লেখো।

(ঘ) 'হিতবাদী'তে রবীন্দ্রনাথের ক-টি গল্প প্রকাশিত হয়েছিল? হিতবাদীতে প্রকাশিত রবীন্দ্রনাথের যে-কোনো একটি গল্পের সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঙ) 'গল্পসল্প' ও 'নবকাহিনী'-র রচয়িতা কে? উক্ত গল্পগ্রন্থ দুটির জনপ্রিয়তার কারণগুলি আলোচনা করো।

(চ) 'রামেশ্বরের অদৃষ্ট' কে রচনা করেন? গল্পকার হিসাবে সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়ের বিশিষ্টতা আলোচনা করো।

৩। নিম্নলিখিত *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) উনিশ শতকের বাংলা ছোটোগল্পের উদ্ভব ও ক্রমবিকাশ সম্পর্কে সংক্ষিপ্ত পরিচয় দাও।

(খ) বাংলা ছোটোগল্প রচনায় স্বর্ণকুমারী দেবীর অবদান আলোচনা করো। ছোটোগল্প ছাড়া স্বর্ণকুমারী দেবী আর কী কী রচনা করেছিলেন?

(গ) 'সাধনা' পত্রিকায় প্রকাশিত রবীন্দ্রনাথের দুটি গল্পের নাম লেখো। উনিশ শতকে রচিত রবীন্দ্রনাথের গল্পগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঘ) গল্পকার ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়ের গল্পে অদ্ভুত, উদ্ভট রসের যে পরিচয় পাওয়া যায় তা আলোচনা করো। ত্রৈলোক্যনাথের দুটি গল্পের নাম প্রকাশকালসহ লেখো।

———————